



মৎস্য আইন মেনে চলুন

মাছ উৎপাদনে সহায়তা করুন



- কারেন্ট জাল তৈরী, বুনন, আমদানি, বাজারজাত, মজুদ, বহন, পরিবহন, অধিকার, দখল বা ব্যবহার করা দণ্ডনীয় অপরাধ।
- পিরানহা ও আফ্রিকান মাঞ্চের মাছ আমদানি, বহন, প্রজনন, চাষ, বিক্রয়, গ্রহণ, বাজারজাতকরণ, প্রদর্শন ও ভোগ করা দণ্ডনীয় অপরাধ।
- নদ-নদী, খাল ও বিলে স্থিরকৃত ইঞ্জিন স্থাপন বা ব্যবহার করা দণ্ডনীয় অপরাধ।
- নদ-নদী, খাল বা বিলে আড়াআড়িভাবে স্থায়ী বা অস্থায়ী বাঁধ বা অন্য কোন কাঠামো নির্মাণ করা দণ্ডনীয় অপরাধ।
- জলাশয় শুকিয়ে বা সেচে মাছ বিনাশ করা বা বিনাশের উদ্যোগ গ্রহণকরা দণ্ডনীয় অপরাধ।
- পানিতে বিষ প্রয়োগ বা কলকারখানার বর্জ্য পদার্থ নিক্ষেপ বা অন্য কোন উপায়ে পানি দূষিত করে অভ্যন্তরীণ জলাশয়ে মৎস্য নিধন করা বা এ মর্মে উদ্যোগ গ্রহণ করা দণ্ডনীয় অপরাধ।
- অভ্যন্তরীণ বা সামুদ্রিক জলাশয়ে বিক্ষেপক দ্রব্য, বস্তু, ধনুক এবং তীর ঘারা মৎস্য নিধন করা বা এ মর্মে উদ্যোগ গ্রহণ করা দণ্ডনীয় অপরাধ।
- প্রতি বৎসর ফালুন মাস থেকে শ্বাবণ মাস পর্যন্ত ১ সেন্টিমিটার বা ১ সেন্টিমিটার এর চেয়ে কম মেশ সাইজ বিশিষ্ট মশারী জাল, চট জাল, কাঁথা জাল, বেড় জাল ব্যবহার করা দণ্ডনীয় অপরাধ।
- প্রতি বছর জুলাই হতে ডিসেম্বর পর্যন্ত ২৩ (তেইশ) সেন্টিমিটার এর নিচে কাতলা, ঝই, মুগেল, কালিবাটিন এবং ঘনিয়া মাছের পোল ধরা, পরিবহন, বিত্তিন জন্য প্রদর্শন করা অথবা দখল করা দণ্ডনীয় অপরাধ।
- প্রতি বছর ১ নভেম্বর থেকে ৩০ জুন পর্যন্ত ২৫ সেন্টিমিটার (১০ ইঞ্চি) এর নিচে ইলিশ (জাটকা) ধরা, পরিবহন, বিত্তিন জন্য প্রদর্শন করা অথবা দখল করা দণ্ডনীয় অপরাধ।
- প্রতি বছর ১ নভেম্বর থেকে ৩০ জুন পর্যন্ত ৩০ সেন্টিমিটার এর নিচে পাঙ্গাস ধরা, পরিবহন, বিত্তিন জন্য প্রদর্শন করা অথবা দখল করা দণ্ডনীয় অপরাধ।
- প্রতি বছর ১ এপ্রিল হইতে ৩১ শে আগস্ট পর্যন্ত ৩০ সেন্টিমিটার এর নিচে আইর ও বোয়াল মাছ ধরা, পরিবহন, বিত্তিন জন্য প্রদর্শন করা অথবা দখল করা দণ্ডনীয় অপরাধ।
- প্রতি বছর ১ এপ্রিল হইতে ৩১ শে আগস্ট পর্যন্ত নদ-নদী, খাল বা বিলে অথবা সংযুক্ত জলাশয়ে দলবদ্ধভাবে বিচরণকৃত শোল, গজার ও টাকি মাছের রেণ্ট/পোনা এবং ঐ গুলির পাহারাদার হিসেবে বিচরণ মা মাছ ধরা দণ্ডনীয় অপরাধ।
- চাইনা দুয়ারী জাল বা রিং জাল ব্যবহার করা আইনত দণ্ডনীয় অপরাধ।

দণ্ড :

- কারেন্ট জাল তৈরি, বুনন, আমদানি, বাজারজাত বা মজুদ করিলে, অন্যুন তিন বৎসর এবং অনধিক পাঁচ বৎসরের সশ্রম কারাদণ্ডে, এবং তদুপরি অনধিক দশ হাজার টাকার অর্থদণ্ডে দণ্ডিত করা হইবে।
- কারেন্ট জাল বহন, পরিবহন, অধিকার, দখল বা ব্যবহার করিলে, অন্যুন এক বৎসর এবং অনধিক তিন বৎসরের সশ্রম কারাদণ্ডে, অথবা অনধিক পাঁচ হাজার টাকার অর্থদণ্ডে, অথবা উভয় দণ্ডে দণ্ডিত করা হইবে।
- এছাড়া আইনের অন্য কোন বিধি বিধান লজ্জন করিলে অন্যুন এক বৎসর এবং অনধিক দুই বৎসরের সশ্রম কারাদণ্ড, অথবা অনধিক পাঁচ হাজার টাকার অর্থদণ্ড, অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবে।



প্রচারে : মৎস্য অধিদপ্তর, ইসলামপুর, জামালপুর।